জাতীয় বিশ্ববিদ্যালয়

সূত্র- ১৬(৬৯৩)জাতী:বি:/রেজি:/একা:/ প্রিলিমিনারী টু মাস্টার্স/২০১৬-১৭/৪২৪৯ তারিখ: ০৩/০৬/২০১৮

২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) ভর্তি কার্যক্রমে প্রাথমিক আবেদন ফরম পূরণ ও সংশ্লিষ্ট কলেজ কর্তৃক ফরম নিশ্চয়ন সম্পর্কিত জরুরী বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত কলেজসমূহে ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) শ্রেণির ভর্তি কার্যক্রমে অনলাইন প্রাথমিক আবেদন ০৫ জুন বিকাল ৪টা থেকে শুরু হয়ে ২৬ জুন ২০১৮ তারিখ রাত ১২টা পর্যন্ত চলবে। জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইট থেকে আগ্রহী প্রার্থীদের প্রাথমিক আবেদন ফরম পূরণ করতে হবে এবং এর প্রিন্ট কপি নিয়ে আবেদন ফি বাবদ ৩০০/- (তিনশত) টাকাসহ প্রার্থীর আবেদন ফরমে উল্লিখিত কলেজে ২৭ জুন ২০১৮ তারিখের মধ্যে অবশ্যই জমা দিতে হবে। এই প্রোগ্রামের ক্লাশ ১৫ জুলাই ২০১৮ তারিখ থেকে শুরু হবে।

উল্লেখ্য যে, ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে ভর্তিকৃত শিক্ষার্থীদের ক্ষেত্রে ২০০৪-২০০৫ শিক্ষাবর্ষে প্রণীত মাস্টার্স ১ম পর্বের পুরাতন সিলেবাস অনুযায়ী পাঠদান ও পরীক্ষা গ্রহণ করা হবে।

ভর্তি সংক্রান্ত বিস্তারিত তথ্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটের (www.admissions.nu.edu.bd) **Prospectus/Important Notice** অপশন থেকে জানা যাবে।

নিম্নোক্ত সময়সূচী অনুযায়ী প্রাথমিক আবেদন ফরম পূরণ ও সংশ্লিষ্ট কলেজ কর্তৃক প্রাথমিক আবেদন ফরম নিশ্চয়ন করতে হবে

ক্রমিক	করণীয়	তারিখ
১।	**অনলাইনে প্রাথমিক আবেদন ফরম পূরণের তারিখ:** শিক্ষার্থীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্দিষ্ট **website** (www.admissions.nu.edu.bd) এর **Masters Tab** এর **Apply Now (Master's Preli.)** অপশনে ক্লিক করে আবেদন ফরম পূরণ করতে হবে।	০৫/০৬/২০১৮ থেকে ২৬/০৬/২০১৮
২।	**সংশ্লিষ্ট কলেজে প্রাথমিক আবেদন ফরম জমা দেয়ার তারিখ:** প্রার্থীর প্রিন্ট করা প্রাথমিক আবেদন ফরমটির নির্ধারিত স্থানে স্বাক্ষর করে আবেদন ফি বাবদ ৩০০/- (তিনশত) টাকাসহ সংশ্লিষ্ট কলেজে আবেদন ফরম জমা দিতে হবে।	০৬/০৬/২০১৮ থেকে ২৭/০৬/২০১৮
৩।	**প্রাথমিক আবেদনকারীদের ফরম সংশ্লিষ্ট কলেজ কর্তৃক নিশ্চয়ন করার তারিখ:**	০৬/০৬/২০১৮ থেকে ২৮/০৬/২০১৮
৪।	**সংশ্লিষ্ট কলেজ কর্তৃক প্রাথমিক আবেদন ফি সোনালী ব্যাংক শাখায় জমা দেয়ার তারিখ** সংশ্লিষ্ট কলেজ কর্তৃক প্রার্থীদের প্রাথমিক আবেদন ফি'র জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত অংশ [আবেদনকারী প্রতি ২০০/- (দুইশত) টাকা হারে] যে কোন সোনালী ব্যাংক শাখায় জমা দিতে হবে। এ লক্ষ্যে সংশ্লিষ্ট কলেজ **Login** এর মাধ্যমে **Application Payment Info (Masters Preli.)** অপশনে ক্লিক করে Pay Slip ডাউনলোড করবে। ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) ভর্তির প্রাথমিক আবেদন (ভর্তি ফান্ড) ফি'র সঞ্চয়ী হিসাব নম্বর- **0218100003245** উল্লেখপূর্বক মোট টাকার অংক লেখা থাকবে এবং সংশ্লিষ্ট কলেজকে এর প্রিন্ট কপি নিয়ে নিকটস্থ সোনালী ব্যাংকের শাখায় জমা দিয়ে রশিদ সংগ্রহ করতে হবে।	০৮/০৭/২০১৮ থেকে ১১/০৭/২০১৮

দৃষ্টি আকর্ষণ

২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামের ভর্তি কার্যক্রমে সংশ্লিষ্ট কলেজের ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষে ভর্তি কার্যক্রমে বরাদ্দকৃত **User ID, Password** এবং **One Time Password (OTP)** পেতে পূর্বের মোবাইল নম্বর ও ই-মেইল নম্বর বহাল থাকবে।

স্বাক্ষরিত/-
(প্রফেসর ড. মো: আনোয়ার হোসেন)
ডিন (ভারপ্রাপ্ত)
স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪

সূত্র- ১৬(৬৯৩)জাতী:বি:/রেজি:/একা:/ প্রিলিমিনারী টু মাস্টার্স/২০১৬-১৭/৪২৪৯ তারিখ: ০৩/০৬/২০১৮

অনুলিপি:
১। পরিচালক, তথ্য প্রযুক্তি দফতর, জাতীয় বিশ্ববিদ্যালয়
২। পরিচালক (ভারপ্রাপ্ত), অর্থ ও হিসাব, জাতীয় বিশ্ববিদ্যালয়
৩। পরিচালক (ভারপ্রাপ্ত) জনসংযোগ, তথ্য ও পরামর্শ দফতর, জাতীয় বিশ্ববিদ্যালয় (ইলেকট্রনিক মিডিয়া ও দৈনিক পত্রিকায় প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো)
৪। সচিব, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়
৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়
৬। সচিব, ভাইস চ্যান্সেলরের দফতর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৭। সহকারী রেজিস্ট্রার, প্রো-ভাইস চ্যান্সেলরের দফতর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৮। অফিস কপি

উপ-রেজিস্ট্রার (মাস্টার্স)
স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪

জাতীয় বিশ্ববিদ্যালয়

প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে ভর্তি নির্দেশিকা

শিক্ষাবর্ষ: ২০১৬-২০১৭

(জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০০৪ থেকে ২০১৬ সাল পর্যন্ত তিন বছর মেয়াদী স্নাতক (পাস) নিয়মিত পরীক্ষায় উত্তীর্ণ এবং চার বছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় পাস ডিগ্রী প্রাপ্ত শিক্ষার্থীদের জন্য প্রযোজ্য)

ভর্তি বিষয়ক ওয়েবসাইট: (www.admissions.nu.edu.bd)

১। সাধারণ নির্দেশনা

ক) এ ভর্তি কার্যক্রমের প্রাথমিক আবেদন ০৫ জুন বিকাল ৪টা থেকে শুরু হয়ে ২৬ জুন ২০১৮ তারিখ রাত ১২টা পর্যন্ত চলবে। আগ্রহী প্রার্থীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্দিষ্ট ওয়েবসাইট (www.admissions.nu.edu.bd) থেকে ভর্তির প্রাথমিক আবেদন ফরম পূরণ করতে হবে এবং এর প্রিন্ট কপি নিয়ে সংশ্লিষ্ট কলেজে ২৭ জুন ২০১৮ তারিখের মধ্যে অবশ্যই জমা দিতে হবে। এ শিক্ষাবর্ষে ভর্তিকৃত শিক্ষার্থীদের ক্লাস ১৫ জুলাই ২০১৮ তারিখ থেকে শুরু হবে।

খ) ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে ভর্তিকৃত শিক্ষার্থীদের ক্ষেত্রে ২০০৪-২০০৫ শিক্ষাবর্ষে প্রণীত মাস্টার্স ১ম পর্বের পুরাতন সিলেবাস অনুযায়ী পাঠদান ও পরীক্ষা গ্রহণ করা হবে।

গ) ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে ভর্তি কার্যক্রমে আবেদনকারী প্রার্থীদের স্নাতক (পাস)/ স্নাতক (সম্মান) পরীক্ষার ফলাফলের ভিত্তিতে প্রতিটি কলেজের জন্য আলাদাভাবে মেধা তালিকা প্রণয়ন করে বিষয় বরাদ্দ দেয়া হবে।

ঘ) ভর্তি কার্যক্রমের বিস্তারিত সময়সূচি ও মেধা তালিকা জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্দিষ্ট ওয়েবসাইট (www.admissions.nu.edu.bd) এর মাধ্যমে জানা যাবে। এছাড়া **SMS (nu<space>atmp<space>roll no** টাইপ করে **16222** নাম্বারে **send** করতে হবে) এর মাধ্যমে প্রার্থী শুধুমাত্র ভর্তির মেধা তালিকায় স্থান পেয়েছে কিনা তা জানতে পারবে।

ঙ) প্রাথমিক আবেদন ফরমে প্রার্থীর কোন তথ্য/ছবি অসত্য, ভুল বা অসম্পূর্ণ বলে প্রমাণিত হলে তার আবেদন ফরম/ভর্তি বাতিল করার অধিকার জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

চ) এই ভর্তি নির্দেশিকার যে কোন ধারা/নিয়মাবলীর সংশোধন, সংযোজন, পরিবর্তন বা বাতিল করার অধিকার জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

ছ) জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে মাস্টার্স ১ম পর্ব (নিয়মিত/প্রাইভেট) পরীক্ষায় উত্তীর্ণ অথবা উক্ত প্রোগ্রামে বর্তমানে অধ্যয়নরত কোন শিক্ষার্থী ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে আবেদন করতে পারবে না। এছাড়াও জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে অন্য যে কোন শিক্ষা কার্যক্রমে বর্তমানে অধ্যয়নরত কোন শিক্ষার্থী এ ভর্তি কার্যক্রমে অংশগ্রহণ করতে পারবে না। উক্ত শর্ত ভঙ্গ করে কোন শিক্ষার্থী দ্বৈত ভর্তি হলে তার উভয় ভর্তি বাতিল করার অধিকার জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

২। ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে ভর্তির সাধারণ শর্তাবলী

ক্রমিক নং	ভর্তিচ্ছু বিষয়	কোর্সের মেয়াদকাল	ভর্তির ন্যূনতম যোগ্যতা
ক)	**Master of Arts (MA) Preliminary Subject:** 1) Bangla 2) English 3) Arabic 4) Sanskrit 5) Pali 6) History 7) Islamic History &Culture 8) Islamic Studies 9) Philosophy 10) Library and Information Science	১ বছর	▶ জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে তিন বছর মেয়াদী স্নাতক (পাস) পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে এবং ভর্তিচ্ছু বিষয়ে (৪০০ নম্বর সম্বলিত) ন্যূনতম ৪০% নম্বর অথবা সিজিপিএ পদ্ধতিতে ন্যূনতম জিপিএ ২.০০ থাকতে হবে। অথবা ▶ জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে চার বছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় পাস ডিগ্রী প্রাপ্ত প্রার্থীরা পঠিত বিষয়ে ভর্তির জন্য আবেদন করতে পারবে। ▶ জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক (পাস) প্রাইভেট/সার্টিফিকেট কোর্স পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা এ ভর্তি কার্যক্রমে আবেদন করতে পারবে না। ▶ জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে মাস্টার্স ১ম পর্ব (নিয়মিত/প্রাইভেট) পরীক্ষায় উত্তীর্ণ অথবা উক্ত প্রোগ্রামে বর্তমানে অধ্যয়নরত কোন শিক্ষার্থী ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে আবেদন করতে পারবে না। ▶ এছাড়াও জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে অন্য যে কোন শিক্ষা কার্যক্রমে বর্তমানে অধ্যয়নরত কোন শিক্ষার্থী এ ভর্তি কার্যক্রমে অংশগ্রহণ করতে পারবে না।
খ)	**Master of Social Sciences (MSS) Preliminary Subject:** 11) Political Science 12) Sociology 13) Social Work 14) Economics		
গ)	**Master of Science (MSc)) Preliminary Subject:** 15) Physics 16) Chemistry 17) Bio-Chemistry 18) Botany 19) Zoology 20) Soil Science 21) Statistics 22) Mathematics 23) Geography and Environment 24) Psychology 25) Home Economics		
ঘ)	**Master of Business Studies (MBS)) Preliminary Subject:** 26) Marketing 27) Finance & Banking 28) Accounting 29) Management		
ঙ)	**Master of Music (M.Mus) Preliminary Subject:** 30) Folk Music 31) Classical Music 32) Nazrul Sangeet 33) Rabindra Sangeet	১ বছর	▶ জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে তিন বছর মেয়াদী বি মিউজিক (পাস) পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।

৩। Online এ প্রাথমিক আবেদন ফরম পূরণ ও করণীয়

ফরম পূরণের ধাপসমূহ	করণীয়
লগইন (Login)	আবেদনকারীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্দিষ্ট ওয়েবসাইটের (www.admissions.nu.edu.bd) **Masters tab**-এ গিয়ে **Apply Now (Masters Preli.)** অপশনে ক্লিক করতে হবে এবং **website**-এ প্রদর্শিত তথ্য ছকে স্নাতক (পাস)/স্নাতক (সম্মান) পরীক্ষার রোল নম্বর, রেজিস্ট্রেশন নম্বর ও পাসের সন সঠিকভাবে এন্ট্রি দিতে হবে।
সঠিক লিঙ্গ (Gender) নির্ধারণ	এ পর্যায়ে আবেদনকারীর অনলাইনে সংরক্ষিত ডাটাবেজের তথ্য অনুযায়ী **Male/Female** প্রদর্শিত হবে। আবেদনকারীর তথ্য ছকে **Male** এর স্থলে **Female** বা **Female** এর স্থলে **Male** প্রদর্শিত হলে **Click to Change** অপশনে গিয়ে সঠিক তথ্যটি দিতে হবে।
কলেজ ও বিষয় পছন্দ	আবেদনকারী তার পছন্দ অনুযায়ী বিভাগ ও জেলা নির্ধারণ করে যে কোন কলেজের নাম **Select** করলে সংশ্লিষ্ট কলেজে প্রার্থীর ভর্তি যোগ্য (**Eligible**) বিষয়ের তালিকা ও আসন সংখ্যা দেখতে পাবে এবং উক্ত তালিকা থেকে সতর্কতার সংগে তার প্রার্থিত বিষয়ের পছন্দক্রম নির্ধারণ করবে। এই পছন্দক্রম অনুসারে মেধার ভিত্তিতে বিষয় বরাদ্দ দেয়া হবে।

	প্রার্থীর ভর্তিচ্ছু বিষয়ে স্নাতক (পাস) কোর্সে ৪০০ নম্বরের পঠিত বিষয় হিসাবে থাকতে হবে এবং তাতে ন্যূনতম ৪০% সিজিপিএ পদ্ধতিতে ন্যূনতম জিপিএ ২.০০ থাকতে হবে।
কোটা	মুক্তিযোদ্ধার সন্তান/আদিবাসি/প্রতিবন্ধী/পোষ্য কোটায় ভর্তি হতে ইচ্ছুক প্রার্থীকে তথ্য ছকের নির্দিষ্ট স্থানে তার জন্য প্রযোজ্য কোটা **Select** করতে হবে। কোটায় আবেদনের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের ইস্যুকৃত মূল সনদপত্র থাকতে হবে। একজন প্রার্থী এক বা একাধিক কোটায় যোগ্য হলে কোটার পছন্দক্রম নির্ধারণ করে দিতে হবে।
ছবি সংযোজন	প্রাথমিক আবেদন ফরম পূরণের সময় প্রার্থীর পাসপোর্ট আকারে সম্প্রতি তোলা রঙ্গিন ছবি **Scan** করে আপলোড করতে হবে। ছবির মাপ **120×150** pixels, Image Type: jpg এবং maximum file size:50Kb হতে হবে। **প্রার্থীর ছবি ব্যতীত অন্য কোন ছবি প্রাথমিক আবেদন ফরমে আপলোড করা হলে ঐ প্রার্থীর ভর্তি বাতিল করার অধিকার জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করবে।**
ফরম চূড়ান্তকরণ	সঠিক তথ্য ও ছবিসহ ছক পূরণ করে প্রথমে ফরমটি **Submit Application** অপশনে ক্লিক করতে হবে। এ পর্যায়ে আবেদনকারীর রোল নম্বর ও পিন কোড প্রদর্শিত হবে এবং আবেদনকারীকে ফরমটি ডাউনলোড করে [**A4** (8.5"×11") অফসেট সাদা কাগজে] প্রিন্ট (Print) নিতে হবে।
আবেদন ফরম বাতিলকরণ/ত্রুটিপূর্ণ ছবি পরিবর্তন	আবেদন ফরম সংশ্লিষ্ট কলেজে জমাদানের পূর্বে কোন প্রার্থী তার **প্রাথমিক আবেদন ফরমটি বাতিল/ত্রুটিপূর্ণ ছবি পরিবর্তন** করতে ইচ্ছুক হলে তাকে **Applicant's Login (Masters Preli.)** অপশনে গিয়ে আবেদন ফরমের রোল নম্বর ও পিন এন্ট্রি দিতে হবে। এ পর্যায়ে আবেদনকারীকে **Form Cancel/Photo Change Option** এ গিয়ে **Click to Generate OTP** অপশনটি ক্লিক করতে হবে। এ সময়ে প্রার্থী তার আবেদন ফরমে উল্লিখিত ব্যক্তিগত মোবাইল নম্বরে SMS এর মাধ্যমে **One Time Password (OTP)** পাবে। এই **OTP** এন্ট্রি দিয়ে প্রার্থী তার আবেদন ফরমটি বাতিলপূর্বক নতুন করে আবেদন ফরম পূরণ করতে পারবে। এ লক্ষ্যে আবেদনকারীকে তার ব্যক্তিগত সঠিক মোবাইল নম্বর সর্তকতার সংগে আবেদন ফরমে সংযোজন করতে হবে। তবে কলেজ কর্তৃক প্রাথমিক আবেদন ফরম নিশ্চয়ন করার পর তা আর বাতিল করা যাবে না। **প্রার্থী ছবি পরিবর্তনের সুযোগ মাত্র একবারই পাবে।**
সংশ্লিষ্ট কলেজে ফরম জমা ও ফি প্রদান	আবেদনকারীকে প্রিন্ট করা প্রাথমিক আবেদন ফরমটির নির্ধারিত স্থানে স্বাক্ষর করতে হবে। এই আবেদন ফরমের সংগে প্রার্থীকে স্নাতক (পাস)/স্নাতক (সম্মান) পরীক্ষার সত্যায়িত নম্বরপত্র, রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত কপি ও প্রাথমিক আবেদন **ফি বাবদ ৩০০/-(তিনশত) টাকাসহ** সংশ্লিষ্ট কলেজে নির্ধারিত সময়ের মধ্যে অবশ্যই জমা দিতে হবে। প্রাথমিক আবেদন ফরমটির দ্বিতীয় অংশ সংশ্লিষ্ট কলেজ অধ্যক্ষ/দায়িত্বপ্রাপ্ত শিক্ষকের স্বাক্ষর ও সীলসহ প্রার্থীকে ফেরত দিবে। কলেজ যে সকল প্রাথমিক আবেদন ফরম **online**-এ নিশ্চয়ন করবে সে সকল প্রার্থী তাদের মোবাইল নম্বরে SMS এর মাধ্যমে তা জানতে পারবে। **প্রাথমিক আবেদন নিশ্চয়ন ব্যতীত কোন প্রার্থীই ভর্তির যোগ্য বলে বিবেচিত হবে না। কলেজে আবেদন পত্র জমা দেয়ার পরে প্রার্থী তার মোবাইল ফোনে SMS না পেলে বুঝতে হবে যে তার আবেদন ফরম কলেজ কর্তৃক নিশ্চয়ন করা হয়নি। এক্ষেত্রে প্রার্থীকে সংশ্লিষ্ট কলেজে নির্ধারিত সময়ের মধ্যে যোগাযোগ করতে হবে।**

৪। মুক্তিযোদ্ধার সন্তান/আদিবাসি/প্রতিবন্ধী (*সমাজসেবা অধিদপ্তর কর্তৃক স্বীকৃত হতে হবে*) কোটা সম্পর্কিত তথ্য ও সংরক্ষিত আসন

কোটার প্রকৃতি	প্রতিটি কলেজে অধিভুক্ত একটি বিষয়ে সর্বোচ্চ ০৫ (পাঁচ) টি আসন কোটার জন্য সংরক্ষিত থাকবে বিষয়ভিত্তিক আসন বন্টন	কোটার বিষয়ভিত্তিক সর্বোচ্চ ০৫ (পাঁচ) টি আসনের শর্তপূরণ সাপেক্ষে একটি কলেজে কোটার আসন সর্বমোট ২৫ (পঁচিশ) টির অধিক হবে না কলেজভিত্তিক আসন বন্টন	কোটায় আবেদন করার শর্ত
মুক্তিযোদ্ধার সন্তান	০৩ টি	১৫ টি	কোটার ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের ইস্যুকৃত মূল সনদ পত্র থাকতে হবে।
আদিবাসি	০১ টি	০৭ টি	
প্রতিবন্ধী	০১ টি	০৩ টি	
মোট	০৫ টি	২৫ টি	

৫। পোষ্য (**Ward**) কোটায় ভর্তি

প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) শ্রেণির ভর্তি কার্যক্রমে জাতীয় বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের সন্তান/সন্তানাদি পোষ্য কোটায় আবেদন করতে পারবে। এ কোটায় আবেদনকারীকে পোষ্যের প্রমাণ পত্রের সংগে জাতীয় বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার দফতর থেকেও পোষ্য হিসাবে প্রত্যয়ন পত্র সংগ্রহ করতে হবে। পোষ্য কোটায় আবেদনের জন্য প্রার্থীকে ভর্তি নির্দেশিকার সকল শর্তপূরণ করতে হবে। **একটি কলেজে সর্বোচ্চ ০৩ (তিন) জন আবেদনকারী মেধার ভিত্তিতে পোষ্য কোটায় ভর্তি হতে পারবে এবং এ আসন অতিরিক্ত বলে বিবেচিত হবে ।**

৬। ফলাফল ও মেধা তালিকা

ক) প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে ভর্তির জন্য আবেদনকারী প্রার্থীদের স্নাতক (পাস) /স্নাতক (সম্মান) পর্যায়ে নিম্নরূপ হারে সর্বমোট ১০০ (একশত) নম্বরের ভিত্তিতে প্রতিটি প্রতিষ্ঠান/কলেজের জন্য আলাদাভাবে মেধা তালিকা তৈরী করে বিষয় বরাদ্দ দেয়া হবে।

মেধা তালিকা প্রণয়নের জন্য নম্বর বন্টন

স্নাতক (পাস)/স্নাতক (সম্মান) পর্যায়ে সনাতন পদ্ধতিতে নম্বর বন্টন	স্নাতক (পাস)/স্নাতক (সম্মান) পর্যায়ে সিজিপিএ পদ্ধতিতে নম্বর বন্টন	সর্বমোট নম্বর
(প্রাপ্ত নম্বর / সর্বমোট নম্বর) X ১০০	(প্রাপ্ত সিজিপিএ / মোট স্কেল) X ১০০	১০০

খ) একই কলেজে একই বিষয়ে দুই বা ততোধিক আবেদনকারীর মেধাক্রম সমান হলে সেক্ষেত্রে এ সকল আবেদনকারীর মধ্যে যার বয়স কম হবে তাকে অগ্রাধিকার দিয়ে মেধাক্রম নির্ধারণ করা হবে।

গ) এ ভর্তি কার্যক্রম পর্যায়ক্রমে প্রথম মেধা তালিকা, শূন্য আসন সাপেক্ষে দ্বিতীয় মেধা তালিকা, কোটা এবং রিলিজ স্লিপ (প্রয়োজনে একাধিক বার) এর মাধ্যমে সম্পন্ন করা হবে।

ঘ) কলেজ **User ID, Password** ও **OTP** ব্যবহার করে ভর্তির বিষয়ওয়ারী ফলাফল দেখতে পারবে। প্রার্থীরা ভর্তি সংশ্লিষ্ট ওয়েবসাইট (www.admissions.nu.edu.bd) এবং **SMS** (nu<space>atmp<space>roll no টাইপ করে **16222** নম্বরে **send** করতে হবে) এর মাধ্যমে অথবা কলেজ থেকে ফলাফল জানতে পারবে।

৭। মেধা তালিকা/কোটার মেধা তালিকায় স্থান প্রাপ্ত প্রার্থীদের ভর্তি সম্পর্কিত জ্ঞাতব্য

ফরম পূরণের ধাপসমূহ	করণীয়
লগইন **(Login)**	আবেদনকারীকে নির্দিষ্ট ওয়েবসাইটে (www.admissions.nu.edu.bd অথবা nu.edu.bd/admissions) Masters tab-এ গিয়ে **Applicant's login (Masters Preli.)** অপশনে ক্লিক করে সঠিক রোল নম্বর ও পিন এন্ট্রি দিয়ে Login করতে হবে। এক্ষেত্রে শিক্ষার্থীর নাম, বরাদ্দকৃত বিষয়, সংশ্লিষ্ট কলেজের নাম ও অন্যান্য তথ্যসহ ভর্তির আবেদন ফরম **website**-এ প্রদর্শিত হবে।
বিষয় পরিবর্তনের আবেদন	মেধা তালিকায় স্থান প্রাপ্ত কোন প্রার্থী তার বিষয় পরিবর্তন করতে চাইলে আবেদন ফরমের বিষয় পরিবর্তনের নির্দিষ্ট ঘরে টিক (√) চিহ্ন দিতে হবে। তবে কোটার মেধা তালিকায় স্থান প্রাপ্ত প্রার্থীদের বিষয় পরিবর্তনের কোন সুযোগ থাকবে না।
আবেদন ফরমের প্রিন্ট	সঠিক তথ্যপূর্ণ ভর্তির আবেদন ফরমটির **Submit Application** অপশনে ক্লিক করলে ভর্তির চূড়ান্ত আবেদন ফরম **website**-এ দেখা যাবে। ফরমটির দুই কপি **A4** (8.5″×11″) অফসেট কাগজে প্রিন্ট নিতে হবে। পরবর্তীতে রোল নম্বর ও পিন কোড দিয়ে একাধিকবার ফরমটি প্রিন্ট নেয়া যাবে।
সংশ্লিষ্ট কলেজে চূড়ান্ত ভর্তি ফরম জমা	আবেদনকারীকে প্রিন্ট করা চূড়ান্ত ভর্তি ফরমের নির্দিষ্ট স্থানে স্বাক্ষর করতে হবে। আবেদন ফরমের সংগে আবেদনকারীর স্নাতক (পাস)/স্নাতক(সম্মান) পরীক্ষার নম্বরপত্র, রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত কপি ও রেজিস্ট্রেশন ফি (ভর্তি নির্দেশিকার ৯ নং অনুচ্ছেদ অনুযায়ী) সংশ্লিষ্ট কলেজে নির্ধারিত সময়ের মধ্যে অবশ্যই জমা দিতে হবে। কলেজ কর্তৃপক্ষ চূড়ান্ত ভর্তির আবেদন ফরমের একটি কপি অধ্যক্ষ/দায়িত্বপ্রাপ্ত শিক্ষকের স্বাক্ষর ও সীলসহ শিক্ষার্থীকে ফেরত দিবে ।
বিষয় পরিবর্তনের ফলাফল ও করণীয়	সংশ্লিষ্ট কলেজে বিষয়ভিত্তিক আসন শূন্য থাকা সাপেক্ষে এবং মেধা স্কোরের ভিত্তিতে প্রার্থীকে তার বিষয় পছন্দক্রম অনুযায়ী বিষয় পরিবর্তন করা হবে এবং ভর্তি সংশ্লিষ্ট website/ SMS এর মাধ্যমে তা প্রার্থীকে জানানো হবে। প্রার্থীর বিষয় পরিবর্তন হলে নির্দিষ্ট website-থেকে বিষয় পরিবর্তনের ফরম সংগ্রহ কওে নির্ধারিত সময়ের মধ্যে সংশ্লিষ্ট কলেজে জমা দিতে হবে। উল্লেখ্য যে, কোন প্রার্থীর বিষয় পরিবর্তন হলে তার পূর্বের বিষয়ের ভর্তি বাতিল হয়ে যাবে এবং পরিবর্তীত বিষয়ে তার ভর্তি নিশ্চিত হবে। তবে কোন প্রার্থীর বিষয় পরিবর্তন না হলে তার পূর্বের বিষয়ে ভর্তি বহাল থাকবে । ► বিষয় পরিবর্তনের ক্ষেত্রে প্রার্থীকে কোন ফি প্রদান করতে হবে না।
কোটার ফলাফল	রিলিজ স্লিপের ফরম পূরণের পূর্বে কোটার মেধা তালিকা প্রকাশ করা হবে। যে সকল প্রার্থী ইতোমধ্যে মেধা তালিকায় স্থান পেয়ে ভর্তি হয়েছে এবং একই সংগে কোটায় নতুন বিষয় বরাদ্দ পেয়েছে সে সকল প্রার্থী কোটায় বরাদ্দকৃত বিষয়ে ভর্তি হতে চাইলে তাদের পূর্বের ভর্তি বাতিল হয়ে যাবে।
ভর্তি নিশ্চয়ন	কলেজ কর্তৃক Online-এ মেধা তালিকায় স্থান প্রাপ্ত প্রার্থীর ভতি নিশ্চয়ন/বিষয় পরিবর্তন হলে জাতীয় বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে প্রার্থীকে SMS এর মাধ্যমে তা জানিয়ে দেয়া হবে। এছাড়াও প্রার্থী অনলাইনে Applicant's Login এর মাধ্যমে তা জানতে পারবে।

৮। রিলিজ স্লিপে আবেদন ফরম পূরণ

যে সকল প্রার্থী মেধা তালিকায় স্থান পাবে না, ভর্তি বাতিল করবে অথবা মেধা তালিকায় স্থান পেয়েও বরাদ্দকৃত বিষয়ে ভর্তি হবে না, সে সকল প্রার্থী তিনটি কলেজে আলাদাভাবে বিষয় পছন্দ নির্ধারণ করে রিলিজ স্লিপের জন্য আবেদন করতে পারবে।

রিলিজ স্লিপে আবেদনের ধাপসমূহ	করণীয়
লগইন **(Login)**	আবেদনকারীকে নির্দিষ্ট ওয়েবসাইটে www.admissions.nu.edu.bd অথবা nu.edu.bd/admissions **Masters tab**-এ গিয়ে **Applicant's login (Masters Preli.)** অপশনে ক্লিক করে আবেদন ফরমের রোল নম্বর ও পিন এন্ট্রি দিতে হবে। এক্ষেত্রে প্রার্থীর নাম ও অন্যান্য তথ্যসহ রিলিজ স্লিপের আবেদন ফরম ওয়েবসাইটে প্রদর্শিত হবে।

কলেজ ও বিষয় পছন্দক্রম নির্ধারণ	রিলিজ স্লিপে আবেদনের জন্য **College Selection Option** এ গিয়ে আবেদনকারী তার পছন্দ অনুযায়ী কলেজ Select করলে ঐ কলেজের বিষয়ভিত্তিক শূন্য আসনের তালিকা ও তার Eligible বিষয়ের তালিকা দেখতে পাবে। এ পর্যায়ে আবেদনকারী তার Eligible বিষয়ের তালিকা থেকে নতুন করে পছন্দক্রম নির্ধারণ করে এন্ট্রি দিবে। এভাবে একজন আবেদনকারী তার পছন্দ অনুযায়ী তিনটি কলেজে পর্যায়ক্রমে বিষয় পছন্দক্রম নির্ধারণ করে এন্ট্রি দিয়ে রিলিজ স্লিপের আবেদন ফরম পূরণ করবে।
আবেদন ফরম চূড়ান্তকরণ	সঠিক তথ্যসহকারে ফরম পূরণ করে **Submit Application** অপশনে ক্লিক করলে আবেদনকারী তার নাম, প্রাথমিক আবেদনের রোল নম্বর, কলেজের নাম ও বিষয় পছন্দক্রমসহ একটি নতুন আবেদন ফরম ওয়েবসাইটে দেখতে পাবে। উক্ত ফরমটি Download করে **A4** (8.5”×11”) অফসেট সাদা কাগজে প্রিন্ট (Print) নিতে হবে। তবে **এটি আবেদন ফরমে উল্লিখিত কলেজসমূহে জমা দিতে হবে না বা কোন ফি প্রদান করতে হবে না** ।
রিলিজ স্লিপের আবেদন ফরম বাতিলকরণ	রিলিজ স্লিপের আবেদন ফরম চূড়ান্তকরণের পরেও কোন প্রার্থী তার আবেদন ফরমে কলেজ/বিষয়ের পছন্দক্রম সংশোধন বা পরিবর্তন করতে পারবে। এ ক্ষেত্রে তাকে **Applicant's Login (Master's Preli.)** অপশনে গিয়ে প্রাথমিক আবেদন ফরমের রোল নম্বর ও পিন কোড এন্ট্রি দিতে হবে এবং এ পর্যায়ে **Cancel Release Slip** অপশনে গিয়ে **Click to Generate the Security key** ক্লিক করলে প্রার্থী তার আবেদন ফরমে উল্লিখিত ব্যক্তিগত মোবাইল নম্বরে SMS এর মাধ্যমে **One Time Password (OTP)** পাবে। এই **OTP** এন্ট্রি দিয়ে প্রার্থী তার আবেদন ফরমটি বাতিলপূর্বক নতুন করে রিলিজ স্লিপের আবেদন ফরম পূরণ করতে পারবে। **প্রার্থী এ সুযোগ কেবল একবারই পাবে**।
রিলিজ স্লিপের ফলাফল	রিলিজ স্লিপের ফলাফল নির্ধারিত সময়ে প্রকাশ করা হবে। রিলিজ স্লিপে আবেদনকারী প্রার্থীদের **বিষয় পরিবর্তনের কোন সুযোগ থাকবে না**।
ভর্তি ফরম সংগ্রহ ও ভর্তি	প্রার্থী রিলিজ স্লিপের মাধ্যমে তার নির্বাচিত কলেজে বিষয় বরাদ্দ পেলে ওয়েবসাইটের **Applicant’s Login (Masters Preli.)** অপশনে গিয়ে চূড়ান্ত ভর্তির আবেদন ফরম প্রিন্ট করবে। এই আবেদন ফরমের সংগে শিক্ষার্থী স্নাতক (পাস)/স্নাতক (সম্মান) পরীক্ষার নম্বরপত্র, রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত কপি ও রেজিস্ট্রেশন ফি (ভর্তি নির্দেশিকার ১০ নং অনুচ্ছেদ অনুযায়ী) সংশ্লিষ্ট কলেজে নির্ধারিত সময়ের মধ্যে জমা দিতে হবে। রিলিজ স্লিপে ভর্তির আবেদন ফরমের একটি কপি অধ্যক্ষ/দায়িত্বপ্রাপ্ত শিক্ষকের স্বাক্ষর ও সীলসহ কলেজ কর্তৃপক্ষ শিক্ষার্থীকে ফেরত দিবে ।

৯। কলেজ কর্তৃপক্ষের করণীয় বিষয়সমূহ

ধাপসমূহ	করণীয়
সংশ্লিষ্ট কলেজের **User ID, Password** ও **One Time Password (OTP)** সংগ্রহ	সংশ্লিষ্ট কলেজ ভর্তি কার্যক্রম পরিচালনার লক্ষ্যে জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্দিষ্ট ওয়েবসাইট **(www.admissions.nu.edu.bd অথবা nu.edu.bd/admissions)** এর **College (Postgraduate) Login** অপশনে গিয়ে তাদের জন্য বরাদ্দকৃত **User ID** ও **Password** এন্ট্রি দিবে। প্রাথমিক আবেদন ফরম/চূড়ান্ত ভর্তি নিশ্চয়নের সময় **Click to Generate the Security key** অপশনে গিয়ে ক্লিক করলে সংশ্লিষ্ট কলেজ কর্তৃক প্রদত্ত মোবাইল নম্বরে **SMS** ও কলেজ ই-মেইল এর মাধ্যমে **One Time Password (OTP)** পাবে। এই **OTP** ব্যবহার করে কলেজ প্রার্থীদের প্রাথমিক আবেদন ফরম/চূড়ান্ত ভর্তি নিশ্চয়ন করতে পারবে। এ লক্ষ্যে কলেজ কর্তৃপক্ষকে ভর্তি কার্যক্রমের সংগে সংশ্লিষ্ট দুই জন দায়িত্বপ্রাপ্ত শিক্ষকের মোবাইল নম্বর ও ই-মেইল এ্যাড্রেস ডীন, স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র বরাবর ভর্তি প্রক্রিয়া শুরুর পূর্বে প্রেরণ করতে হবে।
প্রাথমিক আবেদন ফরমে সঠিক তথ্য ও ছবি যাচাই	কলেজ কর্তৃপক্ষকে প্রাথমিক আবেদন ফরম নিশ্চয়নের পূর্বে আবেদন ফরমে প্রদর্শিত প্রার্থীর সকল তথ্য ও ছবি যাচাই করে নিতে হবে। প্রাথমিক আবেদন ফরমে প্রার্থীর তথ্য বা ছবির অসংগতি পাওয়া গেলে কলেজ কর্তৃক আবেদন ফরমটি নিশ্চয়ন না করে প্রার্থীকে অনলাইনে আবেদন ফরমটি বাতিলপূর্বক নতুন করে আবেদন করার পরামর্শ দিতে হবে। কলেজ কর্তৃক প্রাথমিক আবেদন ফরম নিশ্চয়ন করার পর পূরণকৃত আবেদন ফরমের ত্রুটি সংশোধন করা যাবে না। ত্রুটিপূর্ণ ছবিসহ ভর্তিকৃত প্রার্থীর ভর্তি বাতিল করার অধিকার জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করবে।
প্রাথমিক আবেদন ফরম সংগ্রহ	কলেজ প্রার্থীর কাছ থেকে ভর্তির প্রাথমিক আবেদন ফরম সংগ্রহ করবে এবং নির্ধারিত ফি বাবদ ৩০০/- (তিনশত) টাকা জমা রেখে প্রাথমিক আবেদন ফরমটি অনলাইনে নিশ্চয়ন করবে। কলেজ কর্তৃক কোন প্রার্থীর প্রাথমিক আবেদন ফরম অনলাইনে নিশ্চয়ন করা না হলে ঐ প্রার্থীর মেধা তালিকা প্রণয়ন করা হবে না।
প্রাথমিক ও চূড়ান্ত ভর্তির আবেদন ফরম অনলাইনে এন্ট্রি	নির্ধারিত সময়ের মধ্যে প্রতিটি কলেজকে সকল আবেদনকারীর প্রাথমিক ও চূড়ান্ত ভর্তির আবেদন ফরম অনলাইনে এন্ট্রি নিশ্চিত করতে হবে। এ লক্ষ্যে কলেজকে **College (Postgraduate) Login** অপশনে গিয়ে তাদের জন্য বরাদ্দকৃত **User ID** ও **Password** এন্ট্রি দিতে হবে এবং **Applicant’s/Admission Approval (Preli.)** অপশনের মাধ্যমে যথাক্রমে প্রাথমিক/চূড়ান্ত ভর্তির আবেদন ফরমের এন্ট্রি নিশ্চিত করতে হবে। কলেজ কর্তৃক কোন প্রাথমিক/চূড়ান্ত আবেদন ফরম নিশ্চয়ন করা না হলে ঐ প্রার্থী ভর্তিযোগ্য বলে বিবেচিত হবে না। প্রতিটি কলেজ এন্ট্রিকৃত আবেদনকারীদের তালিকা website-এ দেখতে পারবে। যে সকল প্রার্থী মেধা তালিকায় স্থান পেয়ে ভর্তি হয়েছে এবং একই সংগে কোটায় নতুন বিষয় বরাদ্দ পেয়েছে সে সকল প্রার্থী কোটায় বরাদ্দকৃত বিষয়ে ভর্তি হতে চাইলে তাদেরকে সংশ্লিষ্ট কলেজ কর্তৃক কোটার ভর্তি অনলাইনে অবশ্যই নিশ্চয়ন করতে হবে।

ভর্তির প্রাথমিক আবেদন 'ফি'র নির্ধারিত অংশ "সোনালী সেবা" এর মাধ্যমে জাতীয় বিশ্ববিদ্যালয়ে প্রেরণ	কলেজ কর্তৃক প্রার্থীদের প্রাথমিক আবেদন ফি'র জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত অংশ **[আবেদনকারী প্রতি ২০০/- (দুইশত) টাকা হারে]** যে কোন সোনালী ব্যাংক শাখায় জমা দিতে হবে। এ লক্ষ্যে সংশ্লিষ্ট কলেজ **Login** এর মাধ্যমে **Application Payment Info (Masters Preli.)** অপশনে ক্লিক করে **Pay Slip** ডাউনলোড করবে। ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) ভর্তির প্রাথমিক আবেদন (ভর্তি ফান্ড) ফি'র সঞ্চয়ী হিসাব নম্বর- **0218100003245** উল্লেখপূর্বক মোট টাকার অংক লেখা থাকবে এবং সংশ্লিষ্ট কলেজকে এর প্রিন্ট কপি নিয়ে নিকটস্থ সোনালী ব্যাংকের শাখায় জমা দিয়ে রশিদ সংগ্রহ করতে হবে।

১০। চূড়ান্ত ভর্তির বিষয়ে কলেজের করণীয়

ধাপসমূহ	করণীয়
ভর্তিকৃত প্রার্থীদের তথ্য যাচাই	কলেজকে ভর্তিকৃত প্রার্থীদের ভর্তি ফরমে প্রদর্শিত স্নাতক (পাস)/স্নাতক (সম্মান) পরীক্ষার রোল, প্রাপ্ত সিজিপিএ/নম্বর ও জন্ম তারিখ তাদের দাখিলকৃত নম্বরপত্রের সংগে মিলিয়ে দেখতে হবে। **বিশেষ কোটায় ভর্তিকৃত প্রার্থীর ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের ইস্যুকৃত মূল সনদপত্র আছে কিনা তা যাচাই করতে হবে।** কোন প্রার্থীর তথ্যগত অসংগতি বা ত্রুটিপূর্ণ ছবি পরিলক্ষিত হলে ঐ প্রার্থীর ভর্তি নিশ্চয়ন না করে কলেজ কর্তৃপক্ষকে অবিলম্বে বিষয়টি ডীন, স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র বরাবর লিখিতভাবে অথবা ই-মেইল এর মাধ্যমে জানাতে হবে।
প্রার্থীদের অনলাইনে এন্ট্রি নিশ্চিতকরণ	সংশ্লিষ্ট কলেজকে মেধা তালিকা, রিলিজ স্লিপ ও কোটায় স্থান প্রাপ্ত প্রার্থীদের স্ব স্ব বিষয়ে ভর্তি নিশ্চয়নের লক্ষ্যে নির্ধারিত সময়ের মধ্যে অনলাইনে এন্ট্রি সম্পন্ন করতে হবে। **কলেজ কর্তৃক কোন প্রার্থীর চূড়ান্ত ভর্তি অনলাইনে নিশ্চয়ন করা না হলে ঐ প্রার্থীর রেজিস্ট্রেশন কার্ড ইস্যু করা হবে না।**
ভর্তির জন্য নির্বাচিত প্রার্থীর বিভিন্ন ফিসের হার	i) শিক্ষার্থী প্রতি রেজিস্ট্রেশন ফি = ৮০০/- (আটশত) টাকা ii) শিক্ষার্থী প্রতি ক্রীড়া ও সংস্কৃতি ফি = ২০/- (বিশ) টাকা iii) শিক্ষার্থী প্রতি বিএনসিসি ফি = ৫/- (পাঁচ) টাকা iv) শিক্ষার্থী প্রতি রোভার স্কাউট ফি = ১০/- (দশ) টাকা মোট = ৮৩৫/- (আটশত পঁয়ত্রিশ) টাকা শিক্ষার্থী প্রতি ভর্তি বাতিল ফি = ৭০০/- (সাতশত) টাকা
চূড়ান্ত ভর্তি ফি'র নির্ধারিত অংশ সোনালী সেবার মাধ্যমে জাতীয় বিশ্ববিদ্যালয়ে প্রেরণ	কলেজ প্রার্থীদের চূড়ান্ত ভর্তি ফি'র জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত অংশ **[প্রতি প্রার্থী থেকে ৮৩৫/- (আটশত পঁয়ত্রিশ) টাকা হারে]** যে কোন সোনালী ব্যাংক শাখায় জমা দিতে হবে। এ লক্ষ্যে সংশ্লিষ্ট কলেজ **Login** এর মাধ্যমে **Admission Payment Info (Masters Preli.)** অপশনে ক্লিক করে **Pay Slip** ডাউনলোড করবে। **Pay Slip** এ ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) "রেজিস্ট্রেশন ফি" খাতের সঞ্চয়ী হিসাব নম্বর- **0218100000134** উল্লেখপূর্বক মোট টাকার অংক লেখা থাকবে এবং কলেজকে এর প্রিন্ট কপি নিয়ে নিকটস্থ সোনালী ব্যাংকের শাখায় জমা দিয়ে রশিদ সংগ্রহ করতে হবে।

স্বাক্ষরিত/-
(প্রফেসর ড. মোঃ আনোয়ার হোসেন)
ডীন (ভারপ্রাপ্ত)
স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪
ফোন : ৯২৯১০৭৪, ৯২৯২০৮৪
ই-মেইল: pgdeanoffice@gmail.com

© কপি-রাইট: জাতীয় বিশ্ববিদ্যালয়, বোর্ড বাজার, গাজীপুর-১৭০৪।

জাতীয় বিশ্ববিদ্যালয়

সূত্র- ১৬(৬৯৩)জাতী:বি:/রেজি:/একা:/ প্রিলিমিনারী টু মাস্টার্স/২০১৬-১৭/৪২৫০ তারিখ: ০৩/০৬/২০১৮

২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে ভর্তি বিজ্ঞপ্তি

ভর্তি বিষয়ক ওয়েবসাইট: www.admissions.nu.edu.bd

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত কলেজসমূহে ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে অনলাইন ভর্তি কার্যক্রমের প্রাথমিক আবেদন ০৫ জুন বিকাল ৪টা থেকে শুরু হয়ে ২৬ জুন ২০১৮ তারিখ রাত ১২টা পর্যন্ত চলবে। জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইট থেকে আগ্রহী প্রার্থীদের প্রাথমিক আবেদন ফরম পূরণ করতে হবে এবং এর প্রিন্ট কপি নিয়ে আবেদন ফি বাবদ ৩০০/- (তিনশত) টাকাসহ প্রার্থীর আবেদন ফরমে উল্লিখিত কলেজে ২৭ জুন ২০১৮ তারিখের মধ্যে অবশ্যই জমা দিতে হবে। **এই প্রোগ্রামের ক্লাশ ১৫ জুলাই ২০১৮ তারিখ থেকে শুরু হবে।**

ভর্তি সংক্রান্ত বিস্তারিত তথ্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটের (www.admissions.nu.edu.bd) **Prospectus/Important Notice** অপশন থেকে জানা যাবে। **উল্লেখ্য যে, ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে ভর্তিকৃত শিক্ষার্থীদের ক্ষেত্রে ২০০৪-২০০৫ শিক্ষাবর্ষে প্রণীত মাস্টার্স ১ম পর্বের পুরাতন সিলেবাস অনুযায়ী পাঠদান ও পরীক্ষা গ্রহণ করা হবে।**

১। আবেদনের সাধারণ যোগ্যতা

ক) এ ভর্তি কার্যক্রমে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০০৪ থেকে ২০১৬ সাল পর্যন্ত তিন বছর মেয়াদী স্নাতক (পাস) নিয়মিত পরীক্ষায় উত্তীর্ণ অথবা চার বছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় পাস ডিগ্রী প্রাপ্ত প্রার্থীরা আবেদন করতে পারবে এবং ভর্তিচ্ছু বিষয়ে (৪০০ নম্বর সম্বলিত) ন্যূনতম ৪০% নম্বর অথবা সিজিপিএ পদ্ধতিতে ন্যূনতম জিপিএ ২.০০ থাকতে হবে।

খ) **জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে মাস্টার্স ১ম পর্ব (নিয়মিত/প্রাইভেট) পরীক্ষায় উত্তীর্ণ অথবা উক্ত প্রোগ্রামে বর্তমানে অধ্যয়নরত শিক্ষার্থী ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে আবেদন করতে পারবে না। এছাড়াও জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে অন্য যে কোন শিক্ষা কার্যক্রমে বর্তমানে অধ্যয়নরত কোন শিক্ষার্থী এ ভর্তি কার্যক্রমে অংশগ্রহণ করতে পারবে না। উক্ত শর্ত ভঙ্গ করে কোন শিক্ষার্থী দ্বৈত ভর্তি হলে তার উভয় ভর্তি বাতিল করার অধিকার জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করে।**

গ) জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক (পাস) প্রাইভেট/সার্টিফিকেট কোর্স পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরা এ ভর্তি কার্যক্রমে আবেদন করতে পারবে না। তারা প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে আবেদন করতে পারবে।

২। ভর্তি পদ্ধতি, নম্বর বন্টন ও ফলাফল

ক) ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামের ভর্তি কার্যক্রমে আবেদনকারী প্রার্থীদের স্নাতক (পাস)/স্নাতক (সম্মান)পরীক্ষার ফলাফলের ভিত্তিতে প্রতিটি কলেজের জন্য আলাদাভাবে মেধা তালিকা প্রণয়ন করে বিষয় বরাদ্দ দেয়া হবে।

খ) **একই কলেজে একই বিষয়ে দুই বা ততোধিক আবেদনকারীর মেধাক্রম সমান হলে সেক্ষেত্রে এ সকল আবেদনকারীর মধ্যে যার বয়স কম হবে তাকে অগ্রাধিকার দিয়ে মেধাক্রম নির্ধারণ করা হবে।**

গ) এ ভর্তি কার্যক্রম পর্যায়ক্রমে প্রথম মেধা তালিকা, শূন্য আসন সাপেক্ষে দ্বিতীয় মেধা তালিকা, কোটা এবং রিলিজ স্লিপ (প্রয়োজনে একাধিক বার) এর মাধ্যমে সম্পন্ন করা হবে।

ঘ) **সংশ্লিষ্ট কলেজ User ID, Password ও OTP ব্যবহার করে ভর্তির বিষয়ওয়ারী ফলাফল দেখতে পারবে। প্রার্থীরা ভর্তি সংশ্লিষ্ট ওয়েবসাইট (www.admissions.nu.edu.bd) হতে/SMS এর মাধ্যমে (nu<space>atmp<space>roll no টাইপ করে 16222 নম্বরে send করতে হবে) /কলেজ থেকে ফলাফল জানতে পারবে।**

৩। আবেদনকারীর প্রাথমিক আবেদন ফরম পূরণ সম্পর্কিত করণীয়

ক) আবেদনকারীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্দিষ্ট **(www.admissions.nu.edu.bd)** ওয়েবসাইটের **Masters Tab**-এ গিয়ে **Apply Now (Masters Preli.)** অপশনে ক্লিক করতে হবে এবং website-এ প্রদর্শিত তথ্য ছকে স্নাতক পরীক্ষার রোল নম্বর, রেজিস্ট্রেশন নম্বর ও পাসের সন সঠিকভাবে এন্ট্রি দিতে হবে।

খ) এ পর্যায়ে আবেদনকারীর অনলাইনে সংরক্ষিত ডাটাবেজের তথ্য অনুযায়ী **Male/Female** প্রদর্শিত হবে। আবেদনকারীর তথ্য ছকে **Male** এর স্থলে **Female** বা **Female** এর স্থলে **Male** প্রদর্শিত হলে Click to Change অপশনে গিয়ে সঠিক তথ্যটি দিতে হবে।

গ) আবেদনকারী তার পছন্দ অনুযায়ী বিভাগ ও জেলা নির্ধারণ করে যে কোন কলেজের নাম **Select** করলে সংশ্লিষ্ট কলেজে প্রার্থীর ভর্তি যোগ্য **(Eligible)** বিষয়ের তালিকা ও আসন সংখ্যা দেখতে পাবে এবং উক্ত তালিকা থেকে সতর্কতার সংগে তার প্রার্থিত বিষয়ের পছন্দক্রম নির্ধারণ করবে। এই পছন্দক্রম অনুসারে মেধার ভিত্তিতে বিষয় বরাদ্দ দেয়া হবে।

ঘ) **প্রার্থীর ভর্তিচ্ছু বিষয়টি স্নাতক (পাস) পর্যায়ে ৪০০ নম্বরের পঠিত বিষয় হিসাবে থাকতে হবে এবং তাতে ন্যূনতম ৪০% নম্বর অথবা সিজিপিএ পদ্ধতিতে ন্যূনতম জিপিএ ২.০০ পেতে হবে।**

ঙ) মুক্তিযোদ্ধার সন্তান/আদিবাসি/প্রতিবন্ধী/পোষ্য কোটায় ভর্তি হতে ইচ্ছুক প্রার্থীকে তথ্য ছকের নির্দিষ্ট স্থানে তার জন্য প্রযোজ্য কোটা **Select** করতে হবে। **কোটায় আবেদনের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের ইস্যুকৃত মূল সনদপত্র থাকতে হবে।** একজন প্রার্থী এক বা একাধিক কোটায় যোগ্য হলে কোটার পছন্দক্রম নির্ধারণ করে দিতে হবে।

চ) প্রাথমিক আবেদন ফরম পূরণের সময় প্রার্থীর পাসপোর্ট আকারে সম্প্রতি তোলা রঙ্গিন ছবি **Scan** করে আপলোড করতে হবে। ছবির মাপ **120×150** pixels, Image Type: jpg এবং maximum file size:50Kb হতে হবে। **প্রার্থীর ছবি ব্যতীত অন্য কোন ছবি প্রাথমিক আবেদন ফরমে আপলোড করা হলে ঐ প্রার্থীর ভর্তি বাতিল করার অধিকার জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করবে।**

ছ) সঠিক তথ্য ও ছবিসহ ছক পূরণ করে **Submit Application** অপশনে ক্লিক করতে হবে। এ পর্যায়ে আবেদনকারীর রোল নম্বর ও পিন কোড প্রদর্শিত হবে এবং আবেদনকারীকে ফরমটি ডাউনলোড করে [A4 (8.5”×11”) অফসেট সাদা কাগজে] প্রিন্ট (Print) নিতে হবে।

জ) **পূরণকৃত আবেদন ফরমের ত্রুটি সংশোধন:** আবেদন ফরম সংশ্লিষ্ট কলেজে জমাদানের পূর্বে প্রার্থী তার প্রাথমিক আবেদন ফরমটি যাচাই করবে। আবেদন ফরমে তথ্যগত অমিল বা ত্রুটিপূর্ণ ছবি থাকলে তা সংশোধন করতে হবে। আবেদন ফরম সংশোধনের জন্য প্রার্থীকে **Applicant’s Login (Master Preli.)** অপশনে গিয়ে আবেদন ফরমের রোল নম্বর ও পিন এন্ট্রি দিতে হবে। এ পর্যায়ে আবেদনকারীকে **Form Cancel/Photo Change Option** এ গিয়ে **Click to Generate the Security key** অপশনটি ক্লিক করলে প্রার্থী তার আবেদন ফরমে উল্লিখিত ব্যক্তিগত মোবাইল নম্বরে **SMS** এর মাধ্যমে **One Time Password (OTP)** পাবে। এই **OTP** এন্ট্রি দিয়ে প্রার্থী

তার আবেদন ফরমটি বাতিলপূর্বক নতুন করে আবেদন ফরম পূরণ ও ছবি আপলোড করতে পারবে। এ লক্ষ্যে আবেদনকারীকে তার ব্যক্তিগত সঠিক মোবাইল নম্বর সর্তকতার সংগে আবেদন ফরমে সংযোজন করতে হবে। তবে কলেজ কর্তৃক প্রাথমিক আবেদন ফরম নিশ্চয়ন করার পর তা আর বাতিল করা যাবে না। **প্রার্থী ছবি পরিবর্তনের সুযোগ মাত্র একবারই পাবে।**

ঝ) আবেদনকারীকে প্রিন্ট করা প্রাথমিক আবেদন ফরমটির নির্ধারিত স্থানে স্বাক্ষর করতে হবে। এই আবেদন ফরমের সংগে প্রার্থীকে স্নাতক (পাস)/স্নাতক (সম্মান) পরীক্ষার সত্যায়িত নম্বরপত্র, রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত কপি ও প্রাথমিক আবেদন **ফি বাবদ ৩০০/- (তিনশত) টাকাসহ** সংশ্লিষ্ট কলেজে নির্ধারিত সময়ের মধ্যে অবশ্যই জমা দিতে হবে। প্রাথমিক আবেদন ফরমটির দ্বিতীয় অংশ সংশ্লিষ্ট কলেজ অধ্যক্ষ/দায়িত্বপ্রাপ্ত শিক্ষকের স্বাক্ষর ও সীলসহ প্রার্থীকে ফেরত দিবে।

ঞ) কলেজ যে সকল প্রাথমিক আবেদন ফরম **অনলাইনে** নিশ্চয়ন করবে সে সকল প্রার্থী তাদের মোবাইল নম্বরে **SMS** এর মাধ্যমে তা জানতে পারবে। **প্রাথমিক আবেদন নিশ্চয়ন ব্যতীত কোন প্রার্থীই ভর্তির যোগ্য বলে বিবেচিত হবে না। কলেজে আবেদন পত্র জমা দেয়ার পরে প্রার্থী তার মোবাইল ফোনে SMS না পেলে বুঝতে হবে যে তার আবেদন ফরম কলেজ কর্তৃক নিশ্চয়ন করা হয়নি। এক্ষেত্রে প্রার্থীকে সংশ্লিষ্ট কলেজে নির্ধারিত সময়ের মধ্যে যোগাযোগ করতে হবে।**

৪। রিলিজ স্লিপে আবেদন ফরম পূরণ সম্পর্কিত করণীয়

যে সকল প্রার্থী মেধা তালিকায় স্থান পাবে না, ভর্তি বাতিল করবে অথবা মেধা তালিকায় স্থান পেয়েও বরাদ্দকৃত বিষয়ে ভর্তি হবে না, সে সকল প্রার্থী তিনটি কলেজে আলাদাভাবে বিষয় পছন্দ নির্ধারণ করে রিলিজ স্লিপের জন্য আবেদন করতে পারবে।

৫। কলেজ কর্তৃপক্ষের করণীয়

ক) সংশ্লিষ্ট কলেজ ভর্তি কার্যক্রম পরিচালনার লক্ষ্যে জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্দিষ্ট ওয়েবসাইটের **(www.admissions.nu.edu.bd) College (Postgraduate) Login** অপশনে গিয়ে তাদের জন্য বরাদ্দকৃত [প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) ভর্তি কার্যক্রমে প্রদত্ত] **User ID** ও **Password** এন্ট্রি দিবে। প্রাথমিক আবেদন ফরম/চূড়ান্ত ভর্তি নিশ্চয়নের সময় **Click to Generate the Security key** অপশনে গিয়ে ক্লিক করলে সংশ্লিষ্ট কলেজ কর্তৃক প্রদত্ত মোবাইল নম্বরে **SMS** ও কলেজ ই-মেইল এর মাধ্যমে **One Time Password (OTP)** পাবে। এই **OTP** ব্যবহার করে সংশ্লিষ্ট কলেজ প্রার্থীদের প্রাথমিক আবেদন ফরম/চূড়ান্ত ভর্তি নিশ্চয়ন করতে পারবে।

খ) কলেজ কর্তৃপক্ষকে প্রাথমিক আবেদন ফরম নিশ্চয়নের পূর্বে আবেদন ফরমে প্রদর্শিত প্রার্থীর সকল তথ্য ও ছবি যাচাই করে নিতে হবে। প্রাথমিক আবেদন ফরমে প্রার্থীর তথ্য বা ছবির অসংগতি পাওয়া গেলে কলেজ কর্তৃক আবেদন ফরমটি নিশ্চয়ন না করে প্রার্থীকে অনলাইনে আবেদন ফরমটি বাতিলপূর্বক নতুন করে আবেদন করার পরামর্শ দিতে হবে।

গ) কলেজ কর্তৃক প্রাথমিক আবেদন ফরম নিশ্চয়ন করার পর পুরণকৃত আবেদন ফরমের ত্রুটি সংশোধন করা যাবে না। ত্রুটিপূর্ণ ছবিসহ ভর্তিকৃত প্রার্থীর ভর্তি বাতিল করার অধিকার জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করবে।

ঘ) **সংশ্লিষ্ট কলেজ প্রার্থীর কাছ থেকে ভর্তির প্রাথমিক আবেদন ফরম সংগ্রহ করবে এবং শিক্ষাগত যোগ্যতার প্রয়োজনীয় কাগজ পত্র ও ছবি যাচাই করে নির্ধারিত ফি বাবদ ৩০০/- (তিনশত) টাকা জমা রেখে প্রাথমিক আবেদন ফরমটি অনলাইনে নিশ্চয়ন করবে। কলেজ কর্তৃক কোন প্রার্থীর প্রাথমিক আবেদন ফরম অনলাইনে নিশ্চয়ন করা না হলে ঐ প্রার্থীর মেধা তালিকা প্রণয়ন করা হবে না।**

ঙ) সংশ্লিষ্ট কলেজ কর্তৃক প্রার্থীদের প্রাথমিক আবেদন ফি'র জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত অংশ [আবেদনকারী প্রতি ২০০/- (দুইশত) টাকা হারে] যে কোন সোনালী ব্যাংক শাখায় জমা দিতে হবে। এ লক্ষ্যে সংশ্লিষ্ট কলেজ **Login** এর মাধ্যমে **Application Payment Info (Masters Preli.)** অপশনে ক্লিক করে Pay Slip ডাউনলোড করবে। ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) ভর্তির প্রাথমিক আবেদন (ভর্তি ফান্ড) ফি'র সঞ্চয়ী হিসাব নম্বর- **0218100003245** উল্লেখপূর্বক মোট টাকার অংক লেখা থাকবে এবং সংশ্লিষ্ট কলেজকে এর প্রিন্ট কপি নিয়ে নিকটস্থ সোনালী ব্যাংকের শাখায় জমা দিয়ে রশিদ সংগ্রহ করতে হবে।

▶▶ **এই ভর্তি কার্যক্রমের যে কোন ধারা/নিয়মাবলীর সংশোধন, সংযোজন, পরিবর্তন বা বাতিল করার অধিকার জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করে।**

স্বাক্ষরিত/-
(প্রফেসর ড. মো: আনোয়ার হোসেন)
ডীন (ভারপ্রাপ্ত)
স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪
ফোন : ৯২৯১০৭৪, কল সেন্টার: ০৯৬১৪-০১৬৪২৯
ই-মেইল: *pgdeanoffice@gmail.com*

সূত্র- ১৬(৬৯৩)জাতীবি:/রেজি:/একা:/ প্রিলিমিনারী টু মাস্টার্স/২০১৬-১৭/৪২৫০ তারিখ: ০৩/০৬/২০১৮

অনুলিপি ঃ

১। সকল বিভাগীয় প্রধান, জাতীয় বিশ্ববিদ্যালয়
২। পরিচালক,(তথ্যপ্রযুক্তি) আইসিটি দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয় (জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রচারের জন্য অনুরোধ করা হলো)
৩। পরিচালক,(জনসংযোগ), জাতীয় বিশ্ববিদ্যালয় (কল সেন্টার, ইলেকট্রনিক মিডিয়া ও দৈনিক পত্রিকায় প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)
৪। সচিব, ভাইস চ্যান্সেলর এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৫। সচিব, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়
৬। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়
৭। সহকারী রেজিস্ট্রার, প্রো-ভাইস চ্যান্সেলর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৮। অফিস কপি।

উপ-রেজিস্ট্রার
স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪

© কপি-রাইট: জাতীয় বিশ্ববিদ্যালয়, বোর্ড বাজার, গাজীপুর-১৭০৪